

## কৃষি বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য

নিজস্ব প্রতিবেদক •

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক মো. আলী, আকবর। তিনি ওই বিশ্ববিদ্যালয়ের পশুপাণ্ডি বিভাগের শিক্ষক।

বিশ্ববিদ্যালয়ের 'আচার্য' রাষ্ট্রপতি মো. আবদুল হামিদেবের অনুমোদনক্রমে গতকাল রোববার শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে আদেশ জারি করে। মন্ত্রণালয়ের দায়িত্বশীল একজন কর্মকর্তা প্রথম আলোকে এ তথ্য জানান।

আগের উপাচার্য রফিকুল হক আন্দোলনের মুখে পদত্যাগ করায় পৌনে দুই মাস ধরে উপাচার্যের পদটি শূন্য ছিল। এ কারণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের বেতন পেতে বিড়ম্বনাসহ বেশ কিছু সমস্যা হচ্ছিল।

প্রথম আলোর বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিনিধি জানান, রাত সাড়ে আটটার দিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সচিবালয়ে নতুন উপাচার্য দায়িত্ব গ্রহণ করেন। এ সময় তিনি তাঁর বক্তব্যে বলেন, বিশ্ববিদ্যালয়কে ভালোভাবে চালিয়ে নিতে তিনি আগ্রহ চেষ্টি করে যাবেন। এ জন্য তিনি বিশ্ববিদ্যালয় পরিবারের সবার সহযোগিতা চেয়েছেন।